

া কুরআন ও হাদীছের আলোকে হজ্জ, উমরাহ ও মদীনা যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

উমরার সংক্ষিপ্ত কার্যাবলী

- ১। ফর্য গোসলের মতো করে ভালভাবে গোসল করা এবং সুগন্ধি ব্যবহার করা।
- ২। ইহরামের কাপড় পরিধান করা; আর তা হলো পুরুষের জন্য সেলাই বিহীন একটি চাদর ও একটি লুঙ্গী। আর মহিলাদের জন্য যে কোন বৈধ কাপড়।
- ৩। ইহরাম থেকে তাওয়াফ শুরু করা পর্যন্ত তালবিয়া পাঠ করা।
- ৪। কা'বা ঘরে সাত চক্কর দেয়ার মাধ্যমে তাওয়াফ সমপূর্ণ করা। যা হাজরে আসওয়াদ থেকে শুরু করবে এবং হাজরে আসওয়াদেই সমাপ্ত হবে।
- ৫। মাকামে ইবরাহীমের পেছনে দু'রাক'আত সলাত আদায় করা।
- ৬। 'সাফা' ও 'মারওয়া' পর্বতের মাঝে সাত চক্কর সাঈ করা, যা শুরু হবে সাফা থেকে এবং সমাপ্ত হবে মারওয়াতে।
- ৭। পুরুষদের জন্য মাথার চুল মুণ্ডন কিংবা চুল ছোট করা। আর মহিলাদের চুল ছোট করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9403

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন